ক্যান্টনমেন্ট বোর্ড অফিস
ঢাকা ক্যান্টনমেন্ট
ঢাকা

নং-ঢাক্যাবো/জিএ/৯/১৬/

তারিখঃ ১৫ কার্তিক, ১৪০০ বাংলা
৩০ অক্টোবর, ১৯৯৩ ইং।

## ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৬-১০-৯৩ ইং তারিখের সভার কার্য বিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল মোঃ শাহজাহান মিয়া'র সভাপতিত্বে ১৬-১০-৯৩ ইং বেলা ১০-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে বোর্ডের নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল মহঃ আসাদুল ইসলাম<br>সি এম ই এসি (আর্মি),<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত। |
| ২। | স্কোয়াড্রন লীডার মোঃ সফিউল ইসলাম, এ এন্ড এস ডি,<br>বি এ এফ বেস বাশার,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত। |
| ৩। | মেজর মোঃ শামছুল হক,<br>অধিনায়ক, এস এইচ ও,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৪। | লেঃ এম এন ইসলাম (এস ডি) (এস) বি এন,<br>বি এন এস হাজী মহসিন,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৫। | জনাব মোঃ আজিজ খান,<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত। |
| ৬। | ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ (অবঃ)<br>ডি ও এইচ এস বনানী,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৭। | প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট,<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - অনুপস্থিত। |
| ৮। | লেঃ কর্ণেল শামছুল হক (অবঃ)<br>ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি। | | - উপস্থিত। |
| ৯। | উইং কমান্ডার এম, শামছুর রহমান (অবঃ)<br>ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি। | | - উপস্থিত। |
| ১০। | কমান্ডার টি আই এম নরুল নবী (অবঃ)<br>ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি। | | - উপস্থিত। |
| ১১। | লেঃ কর্ণেল শামছুল আলম জোয়ারদার (অবঃ)<br>ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি। | | - উপস্থিত। |
| ১২। | জনাব মোঃ আবদুল করিম,<br>ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার,<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | - সেক্রেটারী | - উপস্থিত। |

বোর্ডের সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। বিস্তারিত আলোচনান্তে সভার আলোচ্যসূচী মোতাবেক নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সভায় গৃহীত হয়ঃ-

<u>প্রস্তাব নং-১ঃ</u> গত ৩০-৯-৯৩ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের কার্য বিবরণী অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে অবহিত হওয়া।

গৃহীত সিদ্ধান্তঃ- অবহিত হইয়া অনুমোদন করা গেল।

২য় পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-২ঃ** এস ই এ এর সেপ্টেম্বর,৯৩ ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ-** অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-৩ঃ** মহাখালী ডি ও এইচ এস এর নিরাপত্তা ব্যবস্থা চালু রাখা প্রসংগে 'সাভূসে' অধিদপ্তরের গত ০৫-৯-৯৩ ইং তারিখের ৭/এমএলএনডসি/ঢাকা/২৬০/শা-৩/২৪ নং পত্রের আলোকে পুনরায় সিদ্ধান্ত গ্রহন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** গত ২০-৮-৯৩ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার গৃহীত ১০ নম্বর সিদ্ধান্ত বলবৎ থাকিবে মর্মে পুনরায় সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-৪ঃ** শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূর করনার্থে স্টর্ম ড্রেইন নির্মাণ করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা ওয়াসা কর্তৃপক্ষের ড্রেনেজ সার্কেলের কারিগরী সহায়তা ও পরামর্শক্রমে স্থানীয় এম ই এস এর সহায়তায় শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরনার্থে স্টর্ম ড্রেইন নির্মান প্রকল্পের জন্য ঢাকা ওয়াসা কর্তৃক প্রস্তুতকৃত ১,২৬,৮৯,০০০·০০ টাকার মূল্যানুমান, নক্সা ও ডিজাইন অনুমোদন করা গেল। প্রকল্পটির বাস্তবায়ন জরুরী বিধায় উহা অনুমোদন পূর্বক প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য সাভূসে অধিদপ্তরকে অনুরোধ করা গেল। এ ধরনের ট্যাকনিক্যাল কাজের জন্য ওয়াসা কর্তৃপক্ষই বিশেষজ্ঞ বিধায় তাঁহাদের প্রস্তুতকৃত মূল্যানুমান বোর্ড কর্তৃক বিবেচনান্তে গ্রহন করা গেল।

**প্রস্তাব নং-৫ঃ** ঢাকা সেনানিবাসস্থ নিম্ন বর্ণিত প্রকল্প সমূহের মূল্যানুমান অনুমোদন করাঃ-

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং মোতাবেক) | যৌক্তিকতা/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্ট সুপার মার্কেটস্থ বাজারের পশ্চিম পার্শ্বে ফল দোকানের জায়গা সলিং করা। | = ৯৮,৩৪৫·০০ টাকা | - ক্রেতা সাধারনের চলাচলের সুবিধার্থে। |
| (২) | সিগন্যাল গেইট [illegible] মসজিদের দক্ষিণ [illegible] টেম্পু ও রিকসা স্ট্যান্ডের জন্য উক্ত স্থান সলিং করা। | = ৩৩,৩২২·০০ টাকা | - জনসাধারনের সুবিধার্থে রিক্সা ও টেম্পু স্ট্যান্ড নির্দিষ্ট করনের জন্য। |
| (৩) | ঢাকা সেনানিবাসস্থ মুসলিম মডার্ণ একাডেমীর জন্য ৫০(পঞ্চাশ) জোড়া উঁচু-নীচু বেঞ্চ ও ৫ টি শিক্ষক টেবিল সরবরাহ করণ। | = ১,৪২,৩৩২·০০ টাকা | - ছাত্র/ছাত্রীদের বসার সুবিধার্থে। |
| (৪) | মহাখালী ডি ও এইচ এস এলাকায় ৩১ নং রোড কার্পেটিং করনের মূল্যানুমান অনুমোদন করণ। | = ৪,৩২,৭২৯·০০ টাকা | - আবাসিক এলাকার জনসাধারনের সুবিধার্থে। |
| (৫) | ৪র্থ শ্রেনীর কর্মচারীদের বাসস্থান নির্মানের মূল্যানুমান অনুমোদন করণ। | = ২৭,০২,৭৫২·০০ টাকা | - কর্মচারীদের বাসস্থানের সমস্যা নিরসন কল্পে। |
| (৬) | আদমজী ক্যান্টনমেন্ট কলেজের উত্তর পার্শ্বে শহীদ সরণী হইতে পুকুর পর্যন্ত একটি ড্রেন নির্মান করণ। | = ১,৪৯,০০০·০০ টাকা | - সংশ্লিষ্ট সংস্থার অনুরোধের প্রেক্ষিতে। |

৩য় পৃঃদ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ- (১) অনুমোদন করা গেল।

(২) অনুমোদন করা গেল। উক্ত এলাকায় একটি ইউরিন্যালের ব্যবস্থা করা হোক।

(৩) পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(৪) আপাততঃ বিবেচনা করা গেল না।

(৫) প্রকল্পটি প্রনয়ন করা হইবে কি না সে ব্যাপারে নীতিগত অনুমোদনের জন্য সাভূসে অধিদপ্তরকে জরুরী ভিত্তিতে লেখা হউক এবং উক্ত অফিসের অনুমোদন সাপেক্ষে প্রকল্পটি অনুমোদন করা যাইতে পারে।

(৬) উক্ত এলাকায় মাষ্টার ড্রেন নির্মান করা হইতেছে বিধায় বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-৬ঃ ক্যান্ট ঃজেনারেল হাসপাতালের ও, টি'র দ্রব্য ক্রয়ের ব্যাপারে কমিটির সুপারিশ অবহিত হওয়া ও মেসার্স মনু বিপনী ঔষধালয়, ১১ নং ব্রডওয়ে বিল্ডিং, ঢাকা ক্যান্ট কর্তৃক প্রদত্ত ৭,৫৫,৭০৫'০০ টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা।

গৃহীত সিদ্ধান্তঃ- ও, টি'র সামগ্রী ক্রয়ের ব্যাপারে ডি জি এম এস এর ষ্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন কঠোর ভাবে অনুসরণ করার জন্য ক্যান্ট জেনারেল হাসপাতালের এস, এম, ও'কে অনুরোধ করা গেল। সর্বনিম্ন দরপত্রদাতা মেসার্স মনু বিপনীর উদ্ধৃত দর অনুযায়ী তাহাদের নিকট হইতে আপাততঃ ১,৫০,০০০'০০ টাকার ও, টি'র সামগ্রী ক্রয়ের অনুমোদন দেওয়া গেল। তবে ১-৭-৯৩ ইং হইতে ১৫-১০-৯৩ ইং তারিখ পর্যন্ত সময়ে যে পরিমান ও, টি'র সামগ্রী ক্রয় করা হইয়াছে উহার মূল্য বাদ দিয়া বাকী অর্থের ও, টি'র সামগ্রী ক্রয় করা হোক।

প্রস্তাব নং-৭ঃ মুসলিম মডার্ণ একাডেমীর বর্তমান প্রধান শিক্ষক জনাব মোঃ ফয়েজ উল্যাহ'র চাকুরী স্থায়ী/নিয়মিত করনের বিষয় বিবেচনা করা। এই ব্যাপারে 'সাভূসে' অধিদপ্তরের গত ১৫-৭-৯৩ ইং তারিখের ১৭/এমএলএক্স সি/পিএফ/২৪৮ নং পত্র, বোর্ডের সম্মানিত সদস্য ক্লাঃলেঃ এ বি এম এ রশিদ(অবঃ) কর্তৃক প্রদত্ত প্রতিবেদন এবং সি ই ও'র মন্তব্য সম্বলিত প্রতিবেদন উপস্থাপন করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ- জনাব মোঃ ফয়েজ উল্যা'র দক্ষতা, অভিজ্ঞতা, বয়স, শারিরীক অবস্থা ইত্যাদি বিবেচনান্তে বোর্ডের সম্মানিত সদস্য ক্লাঃলেঃ(অবঃ) এ বি এম এ রশিদ এবং সি, ই, ও'র পেশকৃত প্রতিবেদন/সুপারিশ পর্যালোচনান্তে জনাব মোঃ ফয়েজ উল্যা'র চাকুরী স্থায়ী/নিয়মিত করনের বিষয়টি অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-৮ঃ ড্রাই ওয়াস এবং লন্ড্রী সার্ভিস প্রদানের আনুসাংগিক মেশিন স্থাপনের জন্য সেনানিবাস এলাকায় পরিত্যক্ত নিম্ন ভূমি বরাদ্দের ব্যাপারে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অবঃ) সড়ক ও জনপথ জনাব এম এ কাশেমের ২২-৮-৯৩ ইং তারিখের এক খানা আবেদন পত্র বিবেচনা করা।

গৃহীত সিদ্ধান্তঃ- বোর্ডের জমির স্বল্পতাহেতু জনাব এম এ কাশেমের আবেদন পত্রটি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-৯ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের অভ্যন্তরে (কাঁচা বাজারের) মাছ, মাংস, সব্জি, পান ইত্যাদি দোকান সমূহের ভাড়া ৪০০-০০ টাকা বৃদ্ধির প্রতিবাদে দোকাদারদের ১২-৯-৯৩ ইং তারিখের আবেদন বিবেচনা করা।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্ট সুপার মার্কেটের অভ্যন্তরের (কাঁচা বাজারের) মাছ, মাংস, সব্জি ও পান ইত্যাদি সমূহের ব্যবসায়ীদের ১২-৯-৯৩ ইং তারিখের আবেদন সভায় বিস্তারিত ভাবে আলোচনা করা হইয়াছে। মাসিক প্রতি দোকানের বর্ধিত ভাড়া ৪০০'০০ টাকার স্থলে বিবেচনান্তে ২৫০'০০ টাকা (দুইশত পঞ্চাশ) পুনঃ নির্ধারণ করা হইল। যাহা পূর্ব নির্ধারিত ০১-৮-৯৩ ইং তারিখ হইতে কার্যকরী হইবে।

৪র্থ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১০ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৬ নং প্লটে অবস্থিত বাড়ীর নাম জারীর বিষয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে বর্তমান মালিকের আবেদন ও দলিল পত্র সহ বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্ট আবাসিক এলাকার ৬৬ নং প্লট ও প্লটে অবস্থিত বাড়ীর নামজারীর নিমিত্ত মিসেস জুলেখা ছিদ্দিকীর গত ২৮-৮-৯০ ইং এবং ২২-৭-৯৩ ইং তারিখের আবেদন, ক্যান্ট বোর্ডের আইন উপদেষ্টা জনাব মোঃ মফিজুর রহমানের গত ২-৫-৯১ ইং তারিখের এবং ১৭-৮-৯৩ ইং তারিখের আইনগত মতামত, জেলা-ঢাকার মাননীয় ২য় সহকারী জজ আদালত কর্তৃক মিসেস জুলেখা ছিদ্দিকীর অনুকূলে সম্পাদিত গত ২৮-৬-৯৩ ইং তারিখের ৭৬৬৪ নং রেজিষ্ট্রি দলিল, সংশ্লিষ্ট নথি সহ সকল কাগজপত্র বিস্তারিত ভাবে পর্যালোচনা করিয়া উক্ত প্লটটি এস এম এ লতিফের পরিবর্তে জনাবা জুলেখা ছিদ্দিকীর নামে নামজারীর অনুমোদন দেওয়া গেল।

প্রস্তাব নং-১১ঃ ডি ও এইচ এস মহাখালীস্থ বি/১৬৪ নং বাড়ীর এবং আরকাস গার্ডেন এলাকার ৯ নং বাড়ীর অপরিশোধিত কর আদায়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে বি/১৬৪ নং বাড়ীর মালিক কমান্ডার টি আই এম নুরুন নবী(অবঃ) এর ৫-১-৯৩ ইং তারিখের পত্রটি উপস্থাপন করা হইল। ইতিমধ্যে উভয় বাড়ীর মালিককে ডিমান্ড নোটিশ জারী করা হইয়াছে।

গৃহীত সিদ্ধান্তঃ- এ ব্যাপারে ক্যান্ট বোর্ডের আইন উপদেষ্টার নিকট হইতে লিখিত মতামত গ্রহন করিয়া পরবর্তী কার্যক্রম গ্রহন করা হোক।

প্রস্তাব নং-১২ঃ মেঘা-সাইন বোর্ডের ১৯৯২-৯৩ ইং আর্থিক সনের বিজ্ঞাপন চার্জ বাবদ মেসার্স নেপচুন এ্যাডভার্টাইজার্স এর নিকট হইতে বোর্ড কর্তৃক দাবীকৃত ১,১৫,২০০'০০ টাকার মধ্যে অর্ধেক পরিমান অর্থাৎ ৫৭,৬০৬'০০ টাকা মালিক পরিশোধ করিয়াছেন। নির্ধারিত অনুমোদিত সকল সাইন বোর্ড নানা কারনে লাগানো এবং বিজ্ঞাপন প্রচার করা সম্ভব হয় নাই বিধায় অপরিশোধিত অর্ধাংশের দাবী প্রত্যাহারের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে প্রতিষ্ঠানের মালিকের ২১-১-৯৩ ইং তারিখের আবেদন পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- মেসার্স নেপচুনের দরখাস্তে বর্ণিত বিষয়াদি এবং বাস্তব অবস্থা বিবেচনায় ১৯৯২-৯৩ আর্থিক সনের বিজ্ঞাপন চার্জ বাবদ তাহাদের নিকট হইতে মোট দাবীকৃত ১,১৫,২০০'০০ টাকার অর্ধেক চার্জ অর্থাৎ ৫৭,৬০০'০০ টাকার দাবী প্রত্যাহার করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৩ঃ গৃহকর নির্ধারণ প্রসংগে

ইসাভূসে' অধিদপ্তরের ১১-৩-৯৩ ইং তারিখের ২/এমএলএক্সসি/সাসা/৭৪-২/শা-৩/৩ নং পত্র এবং ক্যান্টনমেন্ট বোর্ড সভার ৩-৩-৯৩ ইং তারিখের ১৩ নং সিদ্ধান্তের আলোকে গঠিত কমিটি কর্তৃক কচুক্ষেত, ক্যান্ট আবাসিক এলাকা এবং ডি ও এইচ এস এলাকা সমূহের গৃহকর নির্ধারণ পদ্ধতি সম্পর্কে অবহিত হওয়া। গত ২৬-৫-৮৮ ইং তারিখের ১৩ নং সিদ্ধান্ত মূলে গঠিত কমিটি কর্তৃক পেশকৃত নীতিমালার আলোকে গত ১৯-১০-৮৯ ইং তারিখের ক্যান্টনমেন্ট বোর্ড সভার ১৩ নং সিদ্ধান্তের আলোকে ও ১৯২৪ সনের ক্যান্টনমেন্ট এ্যাক্টের সংশ্লিষ্ট ধারার বর্ণনা মোতাবেক নূতন ভাবে কর নির্ধারণ ও ৩ বৎসর অতিবাহিত হওয়ার পর গৃহকর পুনঃ নির্ধারনের ব্যাপারে সকল কাগজপত্র পর্যালোচনা করিয়া কর সম্পর্কীয় নীতিমালা, কর নির্ধারণী ফরম ও তথ্য সংগ্রহ ফরম অনুমোদন করার জন্য পেশ করা হইল।

৫ম পৃঃদ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ- 'সাভূসে' অধিদপ্তরের ১৩-৩-৯৩ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৫৩-২/শা-৩/৩ নং পত্র, ক্যান্ট বোর্ডের ৩-৪-৯৩ ইং তারিখের ১৩ নং সিদ্ধান্ত, ২৬-৫-৮৮ ইং তারিখের ১৫ নং সিদ্ধান্ত, ১৯-১০-৮৯ ইং তারিখের ১৩ নং সিদ্ধান্ত এবং ১৯২৪ সনের ক্যান্টনমেন্ট এ্যাক্টের সংশ্লিষ্ট ধারা সমূহ বিস্তারিত ভাবে সভায় আলোচনা করা হইয়াছে। গৃহকর পুনঃ নির্ধারনের সকল নীতিমালাও পর্যালোচনা করিয়া অনুমোদন করা গেল। গৃহকর নির্ধারনের নিমিত্ত রাজস্ব শাখা কর্তৃক প্রস্তুতকৃত তথ্য সংগ্রহ ফরম এবং গৃহকর নির্ধারণ ফরম বিস্তারিত আলোচনান্তে অনুমোদন করা গেল যাহা অত্র কার্য বিবরণীর সহিত এ্যাডপত্র "ক" ও "খ" হিসাবে সংযোজন করা গেল। গত ০৩-৪-৯৩ ইং তারিখের ক্যান্ট বোর্ডের ১৩ নং সিদ্ধান্তে গঠিত কর নির্ধারণ কমিটি এখন হইতে আপীল/রিভিউ কমিটি হিসাবে বিবেচিত হইবে এবং প্রাথমিক ভাবে কর নির্ধারণ/পুনঃ নির্ধারনের ব্যাপারে করদাতার কোন প্রকার কোন আপত্তি থাকিলে উহা পর্যালোচনা করিয়া বিধি মোতাবেক এই কমিটি চূড়ান্ত ভাবে কর নির্ধারণ করিবেন। প্রাথমিক ভাবে কর নির্ধারণ/পুনঃ নির্ধারনের জন্য সি ই ও কর্তৃক অফিসের কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে একটি কমিটি গঠন করা হইবে। গৃহের বর্তমান নির্মান ব্যয় নির্ধারনের জন্য এম ই এস এর প্রদত্ত বর্তমান রেইট অনুযায়ী নির্মান ব্যয় ধার্য করতঃ উহা হইতে নিম্ন বর্ণিত হারে ডিপ্রেসিয়েশন বাদ দিয়া বাৎসরিক মূল্যায়ন ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হইল :-

(ক) নির্মান কাজ শেষ হওয়ার পর প্রথম ৩ বৎসর কোন ডেপ্রেশিয়েশন দেওয়া হইবে না।

(খ) নির্মান কাজ শেষ হওয়ার পর ৪র্থ বৎসর হইতে ১০ম বৎসর পর্যন্ত বর্তমান নির্মান ব্যয় হইতে ৪% ডেপ্রেশিয়ন বাদ দেওয়া হইবে।

(গ) অনুরূপ ভাবে ১১ বৎসর হইতে ১৫ বৎসর পর্যন্ত ৫% ডেপ্রেশিয়ন বাদ দেওয়া হইবে।

(ঘ) ১৬ বৎসর হইতে ২০ বৎসর পর্যন্ত ৬% হারে ডেপ্রেশিয়ন বাদ দেওয়া হইবে।

(ঙ) ২১ বৎসর হইতে ২৫ বৎসর পর্যন্ত ৭% হারে ডেপ্রেশিয়ন বাদ দেওয়া হইবে।

(চ) ২৬ বৎসর বা তদূর্ধে সময়ের জন্য ১০% হারে ডেপ্রেশিয়ন বাদ দেওয়া হইবে।

প্রস্তাব নং-১৪ঃ দোকান বরাদ্দ প্রসংগেঃ

স্টেশন সদর দপ্তরের ১৫-১-৯৩ ইং তারিখের ৬১১/৩/এ নং পত্র মোতাবেক ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের সি/২০৬ নং দোকান বরাদ্দ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য সভায় নথিটি উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- বিস্তারিত আলোচনান্তে মৃত হাবিলদার স্টেনো জনাব আবদুল মালেকের স্ত্রী মোছাঃ রিজিয়া বেগমকে অবশিষ্ট ২৫,০০০.০০ টাকা ক্যান্ট বোর্ডে জমা করার জন্য বিশেষ বিবেচনায় ৩(তিন) মাসের সময় দেওয়া গেল।

প্রস্তাব নং-১৫ঃ ইজারা চুক্তি সম্পাদনের পূর্বে পজেশন হস্তান্তরের প্রেক্ষিতে যে সকল দোকানের মালিকানা পরিবর্তন/নামজারী করা হইয়াছে ঐ সকল দোকানের চুক্তিপত্র বর্তমান মূল মালিকের নামে সম্পাদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে 'সাভূসে' অধিদপ্তরের ০৫-৭-৯৩ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-এ-২/৪৫ নং পত্রের সংগে প্রাপ্ত ক্যান্ট সুপার মার্কেটস্থ দোকান সমূহের অনুমোদিত (বাংলা) খসড়া চুক্তিপত্র এবং অত্র দপ্তরের ১৪-৬-৯৩ ইং তারিখের ঢাক্যানো/টিআরসি/৩৮/৪/২৫৭ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- যে সকল দোকান ১ম বরাদ্দের পর এক বা একাধিকবার মালিকানা হস্তান্তর/নামজারী করা হইয়াছে সেই সকল দোকানের চুক্তিপত্র কাহার সহিত সম্পাদন করা হইবে এই মর্মে ক্যান্ট বোর্ডের আইন উপদেষ্টার নিকট হইতে লিখিত ভাবে আইনগত মতামত গ্রহন করিয়া পরবর্তী সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৬ঃ 'সাভূসে' অধিদপ্তরের ৩১-৫-৯৩ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩১-১/শা-৫/৩৭ নং পত্রের সংগে প্রেরিত ২১-৫-৯৩ ইং তারিখের ডিডিএমএলএন্ডসি কর্তৃক বকেয়া রাজস্ব আদায় সম্পর্কিত কার্য বিবরণীর ৭ নং সিদ্ধান্তের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে 'সাভূসে' অধিদপ্তরের ২৬-৮-৯৩ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩১-১/শা-৫/০৯ নং পত্রটি উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- আগামী কয়েক মাসে কর আদায় কার্যক্রম পর্যালোচনা করার পর সম্মানী প্রদানের বিষয়টি বিবেচনা করা হইবে ।

প্রস্তাব নং-১৭ঃ সড়ক/আঞ্চলিক মহাসড়কের স্পীড ব্রেকার ভাংগা/অপসারণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা । এই ব্যাপারে যোগাযোগ মন্ত্রনালয়, সড়ক ও সড়ক পরিবহন বিভাগের গত ২১-৮-৯৩ ইং তারিখের বি পি আর এইচ/১এম-৩৬/৯১-৬০৯ নং পত্র উপস্থাপন করা গেল ।

গৃহীত সিদ্ধান্তঃ- এই ব্যাপারে লগ এরিয়ার সিদ্ধান্ত চাওয়া হউক ।

প্রস্তাব নং-১৮ঃ মহাখালী ডি ওএইচ এস এলাকায় একটি কিন্ডার গার্টেন স্কুল প্রতিষ্ঠার বিষয়ে মিসেস ফরিদা সালাউদ্দিন, ২৬ বনানী ডি ও এইচ এস, ঢাকা ক্যান্টনমেন্ট এবং মিসেস লিলু সিদ্দিক, হাউজ নং-৩, রোড নং-৫০, গুলশান, ঢাকা এর গত ১১-৮-৯৩ ইং তারিখের আবেদন বিবেচনা করা ।

গৃহীত সিদ্ধান্তঃ- এম ই ও'র নিকট দরখাস্ত করার জন্য আবেদনকারীকে বলা হউক ।

প্রস্তাব নং-১৯ঃ ক্যান্টঃ জেনারেল হাসপাতালের বিভিন্ন পুরাতন/অকেজো মালামাল নিলামের সর্বোচ্চ ডাককারী "সিটি রড হাউজ" এর ১৩,১০১'০০(তের হাজার একশত এক) টাকার ডাকটি অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্তঃ- অনুমোদন করা গেল ।

প্রস্তাব নং-২০ঃ ডি ও এইচ এস বনানী এসেসিয়েশনের ০২-৯-৯৩ ইং তারিখের গৃহকর নির্ধারণ সম্পর্কীয় ব্যাপারে আপত্তি পত্রটির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন ।

গৃহীত সিদ্ধান্তঃ- এই ব্যাপারে বিষয়টি সহানুভূতির সহিত বিবেচনা করতঃ ডেপ্রেশিয়েশন বাদ দিয়া কর ধার্যের সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-২১ঃ কচুক্ষেত সুপার মার্কেটে মিসেস আমেনা মোস্তফার নামে দোকান বরাদ্দের ব্যাপারে প্রতিরক্ষা মন্ত্রনালয়ের ডাইরী নং-১৪৫/ডি-৯/৯৩/৪০৭, তারিখঃ ০৮-৯-৯৩ ইং পর্যালোচনা করা ।

গৃহীত সিদ্ধান্তঃ- ইতিপূর্বে এই ধরনের কোন জায়গা বোর্ড কর্তৃক অনুরূপ ভাবে কাহাকেও বরাদ্দ করা হয় নাই বিধায় বোর্ডের স্বার্থে মিসেস আমেনা মোস্তফার আবেদনটি বিবেচনা করা হয় নাই ।

প্রস্তাব নং-২২ঃ জোয়ার সাহারা ডি ও এইচ এস এর সলিং রাস্তা নির্মানের অগ্রগতি পর্যালোচনা করা ।

গৃহীত সিদ্ধান্তঃ- উক্ত এলাকার সলিং রাস্তা নির্মানের কাজ অবিলম্বে আরম্ভ করার সংশ্লিষ্ট সকল ঠিকাদারকে নির্দেশ দেওয়া গেল । অন্যথায় সি ই ও, ঢাকা সেনানিবাস তাহাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ পদক্ষেপ গ্রহন করিবেন ।

প্রস্তাব নং-২৩ঃ মিরপুর ক্যান্টনমেন্টে একটি খোয়াড় স্থাপন প্রসংগে কমান্ড ও স্টাফ কলেজের পত্র নং-১৬১/৩/এসসি/কিউ, তারিখঃ ১২-৯-৯৩ ইং পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা ।

গৃহীত সিদ্ধান্তঃ- খোয়াড় নির্মানের বিষয়টি পরীক্ষা করার জন্য সি, ই, ও কে অনুরোধ করা গেল ।

প্রস্তাব নং-২৪ঃ কর্ণেল মোঃ লোকমান মোল্লা(অবঃ) ৬২৯, বায়তুল আমান হাউজিং সোসাইটি, রিং রোড, ঢাকা এর ৫-১০-৯৩ ইং তারিখের আবেদন মোতাবেক তাঁহার স্ত্রীর কবরের পার্শ্বে জায়গা সংরক্ষন করার বিষয় বিবেচনা করা ।

গৃহীত সিদ্ধান্তঃ- বিবেচনা করা গেল না ।

প্রস্তাব নং-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার আবেদনের প্রেক্ষিতে তাঁহার মাসিক ফি বৃদ্ধি করার বিষয় বিবেচনা করা ।

গৃহীত সিদ্ধান্তঃ- বিবিধ খরচ বাবদ মাসিক ১,৫০০'০০ টাকা তাঁহাকে অতিরিক্ত মঞ্জুর করা গেল । সম্মানী বাড়ানোর বিষয়টি বিবেচনা করা গেল না । তাহাকে মামলা সংক্রান্ত ব্যাপারে ইহার অতিরিক্ত কোন আর্থিক সুবিধা/অর্থ তাঁহাকে প্রদান করা হইবে না ।

এম পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-২৬ঃ** **বিবিধঃ**

(ক) সেনানিবাস এলাকায় ১০ জোড়া ওভারহেড টেলিফোন ক্যাবল স্থাপনের ছাড়পত্র প্রদানের নিমিত্ত নৌ-সদর দপ্তরের ২-৯-৯৩ ইং তারিখের পত্র নং-সিগ/১০০৪/এ/৩১৩ বিবেচনা করা।

(খ) ক্যান্ট সুপার মার্কেটস্থ পার্ক-২৭ নং দোকানের সার চার্জ মওকুফ করিয়া দোকান ভাড়া কিস্তির মাধ্যমে পরিশোধ করার নিমিত্ত নাঃসুঃমোঃ রুহুল আমিনের (অবঃ) ১৩-১০-৯৩ ইং তারিখের আবেদন বিবেচনা করা।

(গ) শহীদ সরণীতে মেশিনের সাহায্যে রোড মার্কিং পেইন্টিং কাজের লেবার চার্জের জন্য "মেসার্স রোড মার্কার" কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর প্রতি বর্গফুট ২.৫০ টাকা হিসাবে বিবেচনা/অনুমোদন করা।

(ঘ) ক্যান্ট সুপার মার্কেটের এ/১৩২ নং দোকানের জরিমানা মওকুফ সহ কিস্তিতে ভাড়া আদায়ের বিষয় বিবেচনা করা।

(ঙ) ক্যান্টনমেন্ট বোর্ডের টেন্ডারে এম ই এস এর ঠিকাদারদের অংশ গ্রহনের অনুমতি প্রদান প্রসংগে আলোচনা করা।

(চ) ডি ও এইচ এস বনানী, মহাখালী ও জোয়ার সাহারার প্রতিনিধিকে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়মিত সদস্য হিসাবে মনোনীত করার বিষয় বিবেচনা করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** (ক) এ ব্যাপারে টি এন্ড টি কর্তৃপক্ষের আপত্তি না থাকিলে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ছাড়পত্র প্রদান করা হোক।

(খ) সকল বকেয়া ভাড়া এক সাথে পরিশোধ করিলে বিশেষ বিবেচনায় ১০০০.০০ টাকা জরিমানা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হইল।

(গ) মেসার্স "রোড মার্কার" এর উদ্ধৃত সর্বনিম্ন দর ২.৫০ টাকার পরিবর্তে ১.৫০ টাকা হারে অনুমোদন করা গেল। উক্ত রেইটে কাজ করিতে রাজী থাকিলে তাহাদেরকে কার্যাদেশ দেওয়া হোক। অন্যথায় পুনঃ দরপত্র আহ্বান করা হোক।

(ঘ) বিশেষ বিবেচনায় উক্ত দোকানের জরিমানা মওকুফ করা গেল। তবে সকল বকেয়া ভাড়া এক সাথে পরিশোধ করিতে হইবে। এই কেইসটিকে ভবিষ্যতে উদাহরন হিসাবে উল্লেখ করা যাইবে না।

(ঙ) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের প্রদত্ত বর্তমান নীতিমালা অনুযায়ী কোন প্রকল্পের মূল্যানুমান ১৬,০০,০০০.০০ টাকার বেশী হইলে উহাতে যথারীতি এম ই এস এর তালিকাভুক্ত ঠিকাদারগন অংশ গ্রহন করিতে পারিবেন। অন্যান্য প্রকল্প সমূহের জন্য শুধুমাত্র ক্যান্ট বোর্ড সমূহের তালিকাভুক্ত ঠিকাদারগন অংশ গ্রহন করিতে পারিবেন। ইতিপূর্বে বোর্ডের যে কোন প্রকল্পে এম ই এস ঠিকাদারগন অংশ গ্রহন করিতে পারিবেন মর্মে বোর্ডের ১১-৬-৯৩ ইং তারিখের সভার ০১ নং সিদ্ধান্ত এবং ৩০-৯-৯৩ ইং তারিখের সভার ৬ নং সিদ্ধান্তের সংশ্লিষ্ট অংশটুকু বাতিল করা গেল। দরপত্র এবং সংক্রান্ত ব্যাপারে কোন জটিলতার সৃষ্টি হইলে বোর্ডের ৩০-৯-৯৩ ইং তারিখের সভার ৬ নং সিদ্ধান্তের আলোকে কার্যক্রম গৃহীত হইবে।

(চ) উক্ত তিনটি ডি ও এইচ এস হইতে দুইজন করিয়া প্রতিনিধিকে বোর্ডের নিয়মিত সদস্য হিসাবে মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হইল। এই লক্ষ্যে ১৯২৪ সালের ক্যান্টনমেন্টস এ্যাক্ট এর ১৩ এ ধারা সংশোধনের পদক্ষেপ গ্রহনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ করা গেল।

(মোঃ আবদুল করিম)
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল মোঃ শাহজাহান মিয়া)
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।